**পরিকল্পনা সেল:**

(i) বার্ষিক উন্নয়ন কর্মসূচি: বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের এডিপিতে বাংলাদেশ সরকার/নিজস্ব তহবিল/প্রকল্প সাহায্যপুষ্ট এবং নিজস্ব অর্থায়নপুষ্ট ০৯ টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে; যার মধ্যে ০৬ টি বিনিয়োগ ও ০৩ টি কারিগরি সহায়তা প্রকল্প। এ সকল প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরে ২৪২.৬১ কোটি টাকা বরাদ্দ রয়েছে, যার মধ্যে জিওবি ২৭.৩০ কোটি টাকা, প্রকল্প সাহায্য ২০৫.৬৩ কোটি টাকা এবং নিজস্ব ৯.৬৮ কোটি টাকা।

**বাস্তবায়নাধীন প্রকল্পের মাধ্যমে গৃহীত উল্লেখ্যযোগ্য কার্যক্রমসমূহ:**

- "বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার" শীর্ষক প্রকল্পের আওতায় চীন কর্তৃক "বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার" নির্মাণ।
- ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারটি চায়না কর্তৃপক্ষের কাছ থেকে বুঝে নেন মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি




চিত্র: নির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ- চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারের রাতের ছবি

- করোনাকালীন সময়ে ই-বাণিজ্য করবো, নিজের ব্যবসা গড়বো প্রকল্পের মাধ্যমে ই-বাণিজ্য বৃদ্ধি করার লক্ষ্যে ভার্চুয়াল প্রশিক্ষণ প্রদান করা হয়;
- এক্সপোর্ট কম্পেটিটিভনেস ফর জবস প্রকল্পের মাধ্যমে ০৪ টি টেকনোলোজি সেন্টার স্থাপনের জন্য জমি অধিগ্রহণ করা হয়; যথা ১) চামড়া ও চামড়াজাত পণ্য এবং পাদুকা খাত ও সংশ্লিষ্ট ম্যানুফ্যাকচারিং খাতসমূহের জন্য বঙ্গবন্ধু হাইটেক সিটি, কালিয়াকৈর, গাজীপুরে Center of Excellence for Engineering and Technology (CEET) সেন্টার প্রতিষ্ঠা করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে; ২) হালকা প্রকৌশল এবং প্লাস্টিকস খাত ও সংশ্লিষ্ট ম্যানুফ্যাকচারিং খাতসমূহের জন্য বিসিক ক্যামিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, সিরাজ দিখান, মুন্সিগঞ্জ এ International Institute of General Engineering and Technology (IIGET) সেন্টার স্থাপন করা হবে; ৩) গাজীপুরে (কাশিমপুর) 'Bangabandhu Design & Technology Center for Leathergoods and Footwear (BDTCLF); এবং ৪) চট্টগ্রামের মিরসরাইয়ে 'Sheikh Rasel Institute of General Engineering and Technology (SRIGET)' সেন্টার স্থাপন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

- বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট-১ এর মাধ্যমে "Diagnostic Studies about Export Facilitation of Agro-processing Sector in Bangladesh" & "Baseline Survey for BRCP-1 (MoC, BLPA & NBR)" বিষয়ে ০২টি সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়; এবং
- চা চাষের সম্প্রসারণের জন্য প্রান্তিক চা চাষীদের বিভিন্ন প্রণোদনা প্রদান ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

**(ii) চলমান প্রকল্প :**


| | | |
|---|---|---|
| **১. প্রকল্পের নাম** | : | **বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার নির্মাণ (১ম সংশোধন)** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | ইপিবি |
| অর্থায়ন | : | বাংলাদেশ সরকার, চায়না সরকার এবং ইপিবি |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ১৩০৩.৫০ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | জুলাই ২০১৫-ডিসেম্বর ২০২৩ |
| প্রকল্প এলাকা | : | ৪ নম্বর সেক্টর ,পূবার্চল ,ঢাকা |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | ভূমি সংগ্রহ ও উন্নয়ন এবং প্রদর্শনী কেন্দ্র স্থাপন। |



চিত্র: ওপর থেকে নির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ- চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারের ছবি

| | | |
|---|---|---|
| **২. প্রকল্পের নাম** | : | **এক্সপোর্ট কম্পেটিটিভনেস ফর জবস** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় |
| অর্থায়ন | : | জিওবি এবং আইডিএ |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ১০১২.১২ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | জুলাই ২০১৭-জুন ২০২৩ |
| প্রকল্প এলাকা | : | মিরসরাই (চট্টগ্রাম); হাইটেক পার্ক (কালিয়াকৈর); কাশিমপুর (গাজীপুর); কেরাণীগঞ্জ (ঢাকা)। |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | চামড়া ও চামড়াজাত পণ্য, লাইট ইঞ্জিনিয়ারিং ও প্লাস্টিক সেক্টরের এর উৎপাদিত পণ্য রপ্তানি বাজারে প্রবেশের জন্য বিদ্যমান শর্তাবলি প্রতিপালনে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও চারটি টেকনোলজি সেন্টার নির্মাণ। |


| | | |
|---|---|---|
| ৩. **প্রকল্পের নাম** | : | **বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট-১** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় |
| অর্থায়ন | | বাংলাদেশ সরকার ও আইডিএ |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ৭২.৩৮ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২৩ |
| প্রকল্প এলাকা | : | দেশের বৃহত্তর জেলাসমূহ |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | অংশীজনের মধ্যে সমন্বয় সাধন, ন্যাশনাল ট্রেড পোর্টাল এর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং নারী ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান করা। |




চিত্র: ৪র্থ ন্যাশনাল ট্রেড এন্ড ট্রান্সপোর্ট ফ্যাসিলিটেশন কমিটির সভায় সভাপতিত্ব করছেন মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব টিপু মুনশি এমপি

| | | |
|---|---|---|
| ৪. **প্রকল্পের নাম** | : | টিসিবি'র আপদকালীন মজুদ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম, সিলেট ও রংপুর আঞ্চলিক কার্যালয়ের জন্য গুদাম নির্মাণ (১ম সংশোধন) |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) |
| অর্থায়ন | : | বাংলাদেশ সরকার |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ২৪.৯৫ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | জানুয়ারি ২০২০-ডিসেম্বর ২০২৩ |
| প্রকল্প এলাকা | : | চট্টগ্রাম, সিলেট ও রংপুর |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | পচনশীল নিত্য প্রয়োজনীয় পণ্যের গুনগত মান অক্ষুন্ন রেখে আপদকালীন মজুদ গড়ে তোলা, আপদকালীন মজুদ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বাজার নিয়ন্ত্রণে টিসিবি'র সক্ষমতা বৃদ্ধি। |

| | | |
|---|---|---|
| **৫. প্রকল্পের নাম** | : | **এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন দ্যা চট্টগ্রাম হিল ট্র্যাক্টস (২য় সংশোধন)** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ চা বোর্ড (বিটিবি) |
| অর্থায়ন | : | জিওবি ও বিটিবি |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ৯.৯৯ কোটি টাকা। |
| বাস্তবায়ন মেয়াদ | : | জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০২৩ |
| প্রকল্প এলাকা | : | সদর, রুমা ও রোয়াংছড়ি উপজেলা ,বান্দরবান |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | ১৬ লক্ষ চায়ের চা উৎপাদন ও চাষীদের মাঝে বিনামূল্যে বিতরণ, চা ফ্যাক্টরি স্থাপন এবং সেচ যন্ত্র ক্রয় করা। অর্থাৎ পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের স্বার্থ সংরক্ষণ এবং পণ্য/ব্যবসা Diversification। |



চিত্র: এক্সটেশন অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন চট্টগ্রাম হিল ট্র্যাক্টস শীর্ষক প্রকল্পের আওতায় স্থাপিত চা কারখানায় চা প্রসেসিং করার ছবি।

| | | |
|---|---|---|
| **৬. প্রকল্পের নাম** | : | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন |
| অর্থায়ন | : | বাংলাদেশ সরকার |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ৩.৬৮ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | জানুয়ারি ২০২২-ডিসেম্বর ২০২৪ |
| প্রকল্প এলাকা | : | - |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | স্বল্পোন্নত দেশ থেকে নিম্ন মধ্যম আয়ের দেশে উত্তরণে বাণিজ্য সম্পর্কিত চ্যালেঞ্জ মোকাবেলা এবং রূপকল্প ২০৪১ অর্জনের জন্য বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং বাণিজ্য মন্ত্রণালয়ের মানব সম্পদের সক্ষমতা তৈরি করা |

| | | |
|---|---|---|
| ৭. প্রকল্পের নাম | : | এক্সপোর্ট ডাইভারসিফিকেশন এন্ড কম্পিটিটিভনেস ডেভেলপমেন্ট প্রজেক্ট (টিয়ার-২) (১ম সংশোধন) |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় |
| অর্থায়ন | : | বাংলাদেশ সরকার এবং ডব্লিউটিও (ইআইএফ) |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ৯.৯৫ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | আগস্ট ২০১৮-জুলাই ২০২২ |
| প্রকল্প এলাকা | : | ঢাকা |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | ঔষুধ শিল্প, প্রক্রিয়াজাত খাদ্য শিল্প ও আধুনিক বস্ত্র শিল্প খাতের বৈদেশিক রপ্তানি প্রক্রিয়ার সক্ষমতা বৃদ্ধি করা |

| | | |
|---|---|---|
| **৮. প্রকল্পের নাম** | : | **ডায়াগনোস্টিক ট্রেড ইন্টিগ্রেশন স্টাডি আপডেট অব বাংলাদেশ** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয় |
| অর্থায়ন | : | ইআইএফ অনুদান |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ১.৭০ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | ফেব্রুয়ারি ২০২২-জানুয়ারি ২০২৩ |
| প্রকল্প এলাকা ও প্রধান কার্যক্রম | : | LDC Graduation এর জন্য Trade Related Challenges identify করা। Covid-১৯ কে address করে Trade LDC Graduation এর জন্য রোড ম্যাপ তৈরি করা। |

| | | |
|---|---|---|
| **৯. প্রকল্পের নাম** | : | **ইরাডিকেশন অব রুরাল পোভার্টি বাই এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন লালমনিরহাট( ২য় সংশোধন)** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ চা বোর্ড (বিটিবি) |
| অর্থায়ন | : | বিটিবি'র নিজস্ব অর্থায়ন |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ৫.৪৫ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | জুলাই ২০১৫-জুন ২০২৩ |
| প্রকল্প এলাকা | : | লালমনিরহাট |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | চা চারা উৎপাদন, সেচ যন্ত্রপাতি ক্রয় এবং চা চাষীদের উদ্বুদ্ধকরণ |

এডিপি বহির্ভূত নতুন অনুমোদিত প্রকল্প:

| | | |
|---|---|---|
| **১০. প্রকল্পের নাম** | : | **রপ্তানি উন্নয়ন ভবন নির্মাণ** |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | বাণিজ্য মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | **রপ্তানি উন্নয়ন ব্যুরো** |
| অর্থায়ন | : | নিজস্ব |
| মোট প্রাক্কলিত ব্যয় | : | ২২০.০৩ কোটি টাকা |
| বাস্তবায়ন মেয়াদ | : | মে ২০২২-এপ্রিল ২০২৫ |
| প্রকল্প এলাকা | : | শের-ই-বাংলা নগর |
| প্রকল্পের প্রধান কার্যক্রম | : | রপ্তানি উন্নয়ন ব্যুরোর উদ্যোগে ও নিজস্ব অর্থায়নে রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিজ ভবন নির্মাণ সমাপ্তকরণ। |